

## প্রশিক্ষণ সংক্রান্ত পরামর্শঃ

প্রতি মৌসুমে উপজেলা কৃষি অফিস সমূহে প্রদর্শনী বা কর্মসূচীভুক্ত চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উপসহকারী কৃষি অফিসারগণ প্রতিদিন (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) তার নির্ধারিত ব্লকে ২টি করে কৃষক গ্রুপে কৃষকদের কৃষি বিষয়ক সমস্যা সমাধানে পরামর্শ প্রদান করে থাকেন। প্রশিক্ষণ বা কৃষি বিষয়ক পরামর্শের জন্য আজই আপনার সংশ্লিষ্ট উপসহকারী কৃষি অফিসার এর সঙ্গে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে। এ ছাড়াও ইউনিয়ন পরিষদ ভবনে কৃষি পরামর্শ কেন্দ্র সমূহ হতেও কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা হয়ে থাকে।